FEB. 20 2001

দৈনিক জনকণ্ঠ

# ৫৭ লাখ টাকা আত্মসাতের দায়ে পাঠ্যপুস্তক বোর্ডের সাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা

**জনকণ্ঠ রিপোর্ট ॥** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিরুদ্ধে আরও একটি দুর্নীতির মামলা হয়েছে। এবার মামলা হয়েছে ক্ষমতার অপব্যবহার করে ৫৭ লাখ টাকা আত্মসাতের অভিযোগে বোর্ডের সাবেক চেয়ারম্যান সায়েদুল হকসহ বোর্ডের চার সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে। সোমবার মতিঝিল থানায় দায়েরকৃত মামলায় অভিযোগ করা হয়েছে যে, বোর্ডের সাবেক চেয়ারম্যান পাঠ্যপুস্তক ছাপানোর নামে বিদেশ থেকে কাগজ আনাসহ বিভিন্ন ব্যাপারে একে অপরের সহযোগিতায় ৫৭ লাখ ১৫ হাজার ১৬৪ টাকা আত্মসাত করেন। এতে অন্য যে তিনজন

(১২-এর পাতার পর)

## ৫৭ লাখ টাকা

সহযোগিতা করেন বলে অভিযোগ করা হয়েছে তাঁরা হলেন বোর্ডের সদস্য (পাঠ্যপুস্তক) মফিজউদ্দীন, ভাণ্ডার কর্মকর্তা আমানুল্লাহ ও স্টোরকীপার আবদুর রশিদ। ১৯৯৬ থেকে '৯৭ সালের মধ্যে এই টাকা আত্মসাত করা হয় বলে মামলায় উল্লেখ করা হয়েছে। দুর্নীতি দমন সংস্থার টাস্কফোর্সের ইন্সপেক্টর জাহাঙ্গীর আলম মতিঝিল থানায় মামলা দায়ের করেন। মামলা নম্বর ৫৬। দণ্ডবিধির ৪০৯ ধারা (বিশ্বাস ভঙ্গ), ১০৯ একে অপরের সহযোগিতা ও দুর্নীতি দমন আইনের ৫(২) ধারা। দুর্নীতি দমন সংস্থা সূত্রে বলা হয়েছে যে, দীর্ঘদিন অনুসন্ধানের পর উল্লিখিত তথ্য সম্পর্কে নিশ্চিত এবং সাক্ষ্যপ্রমাণাদি পাওয়ার পর এই মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্ত আসামীদের বিরুদ্ধে ক্ষমতা অপব্যবহার ও টাকা আত্মসাতের আরও অনেক অভিযোগ রয়েছে।